গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০০১.২০-২৮৯

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

বিষয়: **পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে:

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বিষয়
১.	ডেফোডিল ইন্টারন্যাশনাল স্কুল, সদর, চাঁদপুর।	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
২.	জ্যৈষ্ঠপুরা নিরুবালা চৌধুরী একাডেমী, বোয়ালখালী, চট্টগ্রাম।	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

০২। বর্ণিতাবস্থায়, উর্পযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত বিষয়ে নির্ধারিত ছক মোতাবেক সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত/সন্নিবেশ করে মতামত/সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল নম্বর;
(২) প্রতিষ্ঠানের জমির নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
(৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক-সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও
(৪) **নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির ক্ষেত্রে-** পাঠদানের তারিখ, ০৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); **মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি ক্ষেত্রে-** পাঠদানের তারিখ, ০৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

২৯-৬-২০২১
আনোয়ারুল হক
উপসচিব
ফোন: ৯৫৭০৬৭২
ইমেইল: as.sec3@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০০১.২০-২৮৯/১(৪)

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) প্রধান শিক্ষক, ...

৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) অফিস কপি

২৯-৬-২০২১
আনোয়ারুল হক
উপসচিব